62

দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 20 JUN 1988 ... 3
পৃষ্ঠা ... 7 কলাম 5

# মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা হতে দুর্নীতি উচ্ছেদের আহ্বান

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম মাদ্রাসা শিক্ষাব্যবস্থা হতে দুর্নীতি উচ্ছেদ এবং সেবার মান উন্নত করার জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের প্রতি আহ্বান জানিয়েছেন।

মন্ত্রী গতকাল সকালে আকস্মিকভাবে মাদ্রাসা শিক্ষা বোর্ড পরিদর্শন করেন এবং পরে বোর্ডের কর্মকর্তাদের উদ্দেশে ভাষণ দেন।

পরিদর্শনকালে মন্ত্রী দেখতে পান যে, বোর্ডের অভ্যন্তরে প্রায় এক হাজার বহিরাগত বিভিন্ন কক্ষে ভিড় করে আছেন। তিনি অনুসন্ধান করে জানতে পারেন যে, এরা বিভিন্ন তদ্বিরের জন্য বোর্ড অফিসে এসেছেন এবং এদের অধিকাংশই বিভিন্ন মাদ্রাসা বোর্ডের শিক্ষক। মন্ত্রী আরো লক্ষ্য করেন যে, মাদ্রাসা বোর্ডের ফাইলসমূহ ও মূল্যবান দলিলাদি ইতস্তত: বিক্ষিপ্তভাবে ছড়ানো রয়েছে। তিনি এই পরিস্থিতিতে গভীর অসন্তোষ ব্যক্ত করেন এবং এর অবসানকল্পে দ্রুত নথি নিষ্পত্তির জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন। তিনি মাদ্রাসা বোর্ড ভবনের অভ্যন্তরে পবিত্র কোরানের বাণী ও কলেমা সম্বলিত বোর্ড লাগানোর জন্য কর্মকর্তাদের নির্দেশ দেন। খবর তথ্য বিবরণীর।